

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Saraswati Puja:

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজার্চনা আয়োজনে ব্যস্ততা রাজ্যজুড়ে। শ্রীপঞ্চমী তিথি অনুযায়ী, গতকাল ও আজ বাগদেবীর পূজা অনুষ্ঠিত হচ্ছে। দু'দিনেই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ি, ক্লাব ও সংস্থায় দেবী সরস্বতী পূজার আয়োজন করা হয়েছে। রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগনই, সরস্বতী পূজায় মেতে উঠেছেন।

আকাশবাণী আগরতলা কেন্দ্রে ও কর্মীবৃন্দ, সরস্বতী পূজার আয়োজন করেছেন।

Budget (2025-26) for Doner Ministry:

আগামী অর্থবছরের বাজেটে, উত্তর পূর্বাঞ্চল মন্ত্রকের জন্য বাজেট বরাদ্দ হয়েছে ৫ হাজার ৯শ ১৫ কোটি টাকা, যা চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনা ৪৭.৬ শতাংশ বেশি। এই বাজেট প্রস্তাবে, বিদ্যুৎ বন্টন এবং আন্তরাজ্য পরিবহন বৃদ্ধির জন্য, জিএসডিপি খনের অতিরিক্ত ০.৫ শতাংশ মণ্ডেজুর করা হয়েছে। জল জীবন মিশনের মাধ্যমে ১০০% জলের কভারেজকে লক্ষ্য রেখে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি এবং প্রকল্পের মেয়াদ ২০২৮

সাল পর্যন্ত বাড়ানোর প্রস্তাব রয়েছে। প্রস্তাবিত বাজেটে, গ্রামীণ খণ্দানের জন্য খণ-রেটিং কাঠামো গড়ে তোলা ও স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য ক্ষুদ্র খণের প্রবেশাধিকার বাড়ানো হবে।

CBDT :

বার্ষিক ১২ লক্ষ টাকা আয়ের জন্য করহীন বাজেট ঘোষণা এবং ট্যাক্স স্ল্যাব পুনর্গঠনের ফলে, ৯০ শতাংশেরও বেশি ব্যক্তি করদাতা নুতন কর ব্যবস্থা গ্রহণে আগ্রহী হবেন। অর্থমন্ত্রকের অধীন কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ (CBDT) র চেয়ারম্যান রবি আগরওয়াল গতকাল বাজেট পরিবর্তী এক সাক্ষাত্কারে একথা বলেছেন। তিনি নুতন কর প্রদান ব্যবস্থার সুবিধা সম্পর্কে বলেন, এতে একজন করদাতা সহজে তাঁর প্রদেয় কর হিসাব করতে ও কোন পেশাদারের সাহায্য ছাড়াই TAX RETURN জমা করতে সক্ষম হবেন। উল্লেখ্য, কেন্দ্রীয় অর্থমন্ত্রীর গত শনিবার সংসদে পেশ করা বাজেটে, মধ্যবিত্তের জন্য উল্লেখযোগ্য আয়কর হ্রাসের ঘোষণা করা হয়েছে।

MohaKumbha :

প্রয়াগরাজের মহাকুণ্ডে বসন্ত পঞ্চমীতে তৃতীয় অমৃত স্নান আজ। ইতিমধ্যেই লক্ষ লক্ষ পুণ্যার্থী মেলায় এসে পৌঁছেছেন। এই পুন্যস্নান ঘিরে যাতে কোনো অনভিপ্রেত ঘটনার পুনরাবৃত্তি না ঘটে, তার জন্য প্রশাসন চূড়ান্ত সতর্ক রয়েছে।

এদিকে, তৃতীয় অমৃত ম্নান উপলক্ষে রেলওয়ে, প্রয়াগরাজের বিভিন্ন স্টেশন থেকে ৪০০ টিরও বেশি মহাকুণ্ড মেলা বিশেষ ট্রেন পরিচালনা করবে।

Har Kanthh Mein Bharat :

আকাশবাণী, কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের সঙ্গে ঘোথভাবে 'হর কন্ঠ মেঁ ভারত' শীর্ষক শাস্ত্রীয় সঙ্গীত কেন্দ্রিক ধারাবাহিক অনুষ্ঠানের সূচনা করেছে। গতকাল বসন্ত পঞ্চমীর পুণ্য আবহে আকাশবাণীর সম্প্রচার ভবনের পণ্ডিত রবিশঙ্কর মিউজিক স্টুডিওতে এই নতুন বেতার ধারাবাহিকের সূচনা হয়। অনুষ্ঠানটি আগামী ১৬ই ফেব্রুয়ারী পর্যন্ত প্রতিদিন সকাল সাড়ে নয়টা থেকে একঘোগে সারাদেশের একুশটি কেন্দ্র প্রচার করবে। দেবী সরস্বতীকে পুষ্পার্ঘ্য প্রদানের মধ্য দিয়ে গতকাল সকালে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের সচিব অরুণীষ চাওলা, প্রসার ভারতীর সি ই ও গৌরব দ্বিবেদী, আকাশবাণীর মহা নির্দেশক ড. প্রজ্ঞা পালিওয়াল গৌর, সংস্কৃতি মন্ত্রকের যুগ্ম সচিব অমিত প্রসাদ সারভাই এবং দূরদর্শনের মহানির্দেশক কাঞ্চন প্রসাদ। স্বাগত ভাষণে আকাশবাণীর মহা নির্দেশক বসন্ত পঞ্চমীর আধ্যাত্মিক তাৎপর্য অনুসারে, লক্ষ্মী ও সরস্বতীর বিরল প্রতিকী যোগসূত্রের উপর আলোকপাত করেন। CEO গৌরব দ্বিবেদী তাঁর

বক্তব্যে দশকের পর দশক ধরে সারা দেশের মানুষকে মুক্ত করে রাখা আকাশবাণীর ঐতিহাসিক ভূমিকা নিয়ে আলোকপাত করেন। নতুন এই অনুষ্ঠানের মাধ্যমে সৃজনশীল অংশিদারীত্ব নতুন নতুন দিগন্ত উন্মোচনে সাহায্য করবে বলেও আশা ব্যক্ত করেন তিনি।

Embarkment Visit:

রাজ্যের পূর্তি, জলসম্পদ দপ্তরের সচিব কিরণ গিত্তে গতকাল উন্কোটি জেলা সদর কৈলাশহর সফর করেন। তিনি কৈলাশহরের জলাই এলাকায় একটি সেতুর নির্মাণকাজ পরিদর্শন করেন।

শ্রী গিত্তে গতকাল কৈলাশহরের লক্ষ্মীছড়া ও মনু নদীর পাড়ের বন্যা নিরোধক বাঁধের অবস্থাও সরজমিনে পর্যবেক্ষণ করেন। তাছাড়া সীমান্তবর্তী রাঙ্গাটুটি ও দেবীপুর এলাকায় গিয়েও বাঁধের বর্তমান অবস্থা দেখেন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, উন্কোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ধ্য সাহা, পুলিশ সুপার কান্তা জানগির সহ সংশ্লিষ্ট দপ্তরের প্রকৌশলীরা।

Organic Black Rice:

রাজ্যের জুমিয়া কৃষকদের উৎপাদিত বিশেষ সুগন্ধিযুক্ত অর্গানিক ব্ল্যাক রাইস বা কালো চাল সরকারিভাবে নয়াদিল্লীতে রপ্তানি করা হয়েছে। উত্তর জেলার কাঞ্চনপুর মহকুমায় উৎপাদিত এক হাজার তিনশো কেজি অর্গানিক ব্ল্যাক রাইস জম্পুই অর্গানিক ফর্মার প্রডিউসার কোম্পানির মাধ্যমে দিল্লির ন্যাশনাল কো-অপারেটিভ লিমিটেডের কাছে প্রতি কেজি ১৬০ টাকা দরে বিক্রি করা হয়। কাঞ্চনপুর মহকুমা কৃষি আধিকারিক জানিয়েছেন প্রথমবারের মতো রাজ্যের অর্গানিক ব্ল্যাক রাইস বহিঃরাজ্যে রপ্তানি শুরু হল।

.....

13 PRINCIPAL :

সরকারী সাধারণ ডিগ্রী কলেজের জন্য ১৩ জন অধ্যক্ষ নিয়োগ করবে উচ্চশিক্ষা দপ্তর। TPSC র সচিব এস. মগ এই খবর

জানিয়েছেন। তিনি জানান, এরজন্য আগামী ১১ ই মার্চ পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে।

Budget Mission Ocean:

সমুদ্রের গভীরতা অন্বেষণে গভীর মহাসাগর মিশনের জন্য ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ৬০০ কোটি টাকা বরাদের প্রস্তাব করা হয়েছে। এই মিশনে সমুদ্রতল ম্যাপিং এবং ৬০০০ মিটার গভীরতার রেটিং সহ একটি মনুষ্যবাহী ডুবোজাহাজের মতো প্রযুক্তির উন্নয়ন জড়িয়ে রয়েছে। এছাড়া, আবহাওয়ার পূর্বাভাস দেওয়ার ক্ষমতা উন্নত করার লক্ষ্যে মিশন মৌসম-এর জন্য বাজেটে ১, ৩২৯ কোটি টাকা বরাদের প্রস্তাবও করা হয়েছে।

National Games:

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের পঞ্চম দিনে শেষ খবর পাওয়া পর্যন্ত মোট ১২৫টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ১৭টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ১৫টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ১৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

Kajal Smriti Football:

কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল
খেলবে টাকারজলা স্কুলের বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে
আগামীকাল বিকেলে আসরের ফাইনাল ম্যাচটি খেলা হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা
সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
বিমানবন্দরস্থিত আবহাওয়া দপ্তরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা
ছিল ১৭.৮ ডিগ্রী সেলসিয়াস।
